দৈনিক বাংলা

তারিখ ... 17/3/83 ...
পৃষ্ঠা ... ... 7 কলাম 2 ...



# শিক্ষা সমস্যা নিরসনে সক্রিয় সহযোগিতা করুনঃ শিক্ষামন্ত্রী

পাবনা, ১৫ই মার্চ।—শিক্ষা মন্ত্রী ডঃ আঃ মজিদ খান বলেন, শিক্ষা সমস্যা সমাধানে সরকার বদ্ধ পরিকর। এই সমস্যা সমাধানে ছাত্র-শিক্ষক, অভিভাবক, সমাজের নেতৃস্থানীয় ব্যক্তি বুদ্ধিজীবী এবং দলমত নির্বিশেষে সবাইকে সহযোগিতার মনোভাব নিয়ে এগিয়ে আসতে হবে। অন্যথায় জাতীয় অগ্রগতির সব প্রচেষ্টা ভেস্তে যাবে।

মন্ত্রী আজ স্থানীয় কালেক্টরেট কনফারেন্স কক্ষে শিক্ষানীতি ও ব্যবস্থাপনার উপর আগত সমাজের বিভিন্ন স্তরের জনসমাবেশে ভাষণ দিচ্ছিলেন।

তিনি বলেন, শিক্ষার হার বৃদ্ধি ও শিক্ষার সমৃদ্ধির ক্ষেত্রে আমাদের সবাইকে চিন্তার সমন্বয় ঘটাতে হবে। এককভাবে সরকারের উপর এই দায়িত্ব তুলে দিয়ে প্রকৃত অর্থে উদ্ভূত সমস্যার সমাধান করা সম্পূর্ণ অযৌক্তিক ও অবাস্তব।

ডঃ খান বলেন, ব্যাপক হারে নকল প্রবনতার যে দুটি কারণ থাকতে পারে তার একটি হচ্ছে যে কোন উপায়ে সার্টিফিকেট লাভ করার অতি প্রবনতা এবং অপরটি যোগ্যতা বা জ্ঞানের অভাব। নকল প্রবনতার এ অশুভ ও হীনমন্যতার প্রচেষ্টাকে শিক্ষক, অভিভাবক এবং শিক্ষার সাথে প্রত্যক্ষ ও পরোক্ষভাবে জড়িত সংশ্লিষ্ট ব্যক্তিরা নিজ নিজ দায়িত্ব পালনের মাধ্যমে প্রতিহত করতে পারেন। এই নকল প্রবনতা জাতির জন্য শুভ কিছুই বয়ে আনতে পারে না বলে তিনি মন্তব্য করেন।

মন্ত্রী বলেন, বর্তমান শিক্ষার হাল হকিকত দেখে এটা স্পষ্টতর হচ্ছে যে শিক্ষা খাতে যে ব্যয় হচ্ছে তা কি ব্যক্তিগত কি সমষ্টিগত কি সরকারী তরফ থেকে সর্বক্ষেত্রেই নিরর্থক।

এই নিরর্থকতাকে কোন মতেই প্রশ্রয় দেয়া যায় না। সার্টিফিকেট সর্বস্ব এই অসাড় শিক্ষার অবসান ঘটাতে হবে।

শিক্ষা নীতি ও ব্যবস্থাপনার উপর প্রশ্নমালা প্রসঙ্গে বিভিন্ন বক্তার প্রশ্নের জবাবে মন্ত্রী বলেন, সেসব প্রশ্নমালার প্রত্যুত্তর বৈজ্ঞানিক পদ্ধতিতে বিচার বিশ্লেষণ করা হবে এবং শিক্ষা পুনর্বাসন পরিকল্পনায় প্রাধান্য দেয়া হবে। সভায় অন্যান্যদের মধ্যে বক্তব্য পেশ করেন প্রাথমিক শিক্ষা মহাপরিচালক ডঃ হাফেজ আহমদ।

এর আগে মন্ত্রী পাবনার পথে সাঁড়া মাড়োওয়ারী হাই স্কুল এবং ঈশ্বরদী উচ্চ বালিকা বিদ্যালয়ে

(৩-এর পঃ দ্রঃ)

**শিক্ষামন্ত্রী**

(৭-এর পৃঃ পর)

অনুষ্ঠিত এসএসসি পরীক্ষা কেন্দ্র পরিদর্শন করেন। পরে তিনি ঈশ্বরদী উপজেলা থানা নির্বাহী অফিসারের অফিস এবং টেবুনিয়া সরকারী প্রাথমিক বিদ্যালয়ও পরিদর্শন করেন।